

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্টাটন গার্ডেন রোড, ঢাকা -১০০০।

www.pallisanchaybank.gov.bd

স্মারক নং-পসব্য/প্রকা/হিসাব-৪০/২০১৮-১৯/ ৫২৬৩

তারিখ: ২৫/০৪/২০১৯খ্রি:

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা


বিষয় : পিএসবি মাসিক সঞ্চয় স্কিম (পিএসবি এমএসএস) চালুকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। পল্লী এলাকার দরিদ্র ও সুবিধা বঞ্চিত মানুষের সঞ্চয় ও অর্জিত অর্থ লেনদেন ও রক্ষণাবেক্ষণ, ঋণ প্রদান এবং বিনিয়োগের জন্য ২০১৪ সালে পল্লী সঞ্চয় ব্যাংক প্রতিষ্ঠিত হয়। পল্লী সঞ্চয় ব্যাংকের মূল কাজ হলো আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় গঠিত গ্রাম সমিতির সদস্যদের অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে কাজ করা। সমিতির সদস্যদের সঞ্চয় প্রবণতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাংকের পরিচালনা বোর্ডের ১৯/০২/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩৭তম সভায় পিএসবি মাসিক সঞ্চয় স্কিম (পিএসবি এমএসএস) নামে একটি আমানত স্কিম চালুর নিমিত্তে নীতিমালা অনুমোদন করা হয়েছে যা এতদসঙ্গে আপনাদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত


আকবর হোসেন

ব্যবস্থাপনা পরিচালক (অতিঃ সচিব)

ফোন নং ৯৩৬২৭১২

ফ্যাক্স নং ৯৩৪৮২০৬

headoffice@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

- ১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। নথি।


২৫/৪/১৯

(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০
www.pallisanchaybank.gov.bd

“পিএসবি মাসিক সঞ্চয় স্কীম (পিএসবি এমএসএস)” চালুকরণ প্রসঙ্গে।

পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ারহোল্ডার সমিতির সদস্য এবং তাদের পরিবারের সদস্যদের মাসিক কিস্তিতে সাধ্যানুযায়ী সঞ্চয়ের প্রবণতা বৃদ্ধির লক্ষ্যে “পিএসবি মাসিক সঞ্চয় স্কীম (পিএসবি এমএসএস)” নামীয় একটি আমানত হিসাব পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে, যা নিম্নরূপঃ

১। স্কীমের নাম।- “পিএসবি মাসিক সঞ্চয় স্কীম (পিএসবি এমএসএস)”।

২। হিসাবের মেয়াদ কাল।- ৩, ৫ ও ১০ বছর।

৩। হিসাবে মাসিক জমার পরিমাণ।- যথাক্রমে ১০০/-, ২০০/-, ৩০০/-, ৪০০/- এবং ৫০০/- টাকা।

৪। হিসাব খোলার পদ্ধতি ও নিয়মাবলী।-

- ৪.১. ১৮ বছর বা তদুর্ধ্ব সমিতির সদস্য এবং সদস্যের পরিবার এ হিসাব খুলতে পারবেন।
- ৪.২. নাবালক বা নাবালিকা অথবা যুগ্মনামে হিসাব খোলা যাবে না।
- ৪.৩. সদস্যকে পাসপোর্ট সাইজের সত্যায়িত ২ কপি ছবি প্রদান করতে হবে।
- ৪.৪. এ হিসাব খোলার জন্য সংযুক্ত ফরমে আবেদন করতে হবে। এ হিসাবের জন্য আলাদাভাবে কোন স্বাক্ষর কার্ডের প্রয়োজন হবে না।
- ৪.৫. এ হিসাব এক শাখা হতে অন্য শাখায় স্থানান্তরযোগ্য।
- ৪.৬. হিসাব খোলার ফরমে মাসিক কিস্তির পরিমাণ এবং মেয়াদকাল (অংকে এবং কথায়) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। কিস্তির পরিমাণ ও মেয়াদকাল কোনরূপ কাটাকাটি কিংবা ঘষামাজা কিংবা উপরিলিখন কিংবা পরিমার্জন করা যাবে না।
- ৪.৭. হিসাব স্থানান্তরের ক্ষেত্রে স্থানান্তরিত শাখায় নতুন নম্বর প্রদান করা হবে।

৫। জমা পদ্ধতি ও সুদ প্রদান।-

- ৫.১. আমানতকারী কর্তৃক প্রতি মাসের ০১ তারিখ হতে ১০ তারিখের মধ্যে কিস্তি টাকা জমা করতে হবে:
তবে শর্ত থাকে যে, কোন মাসে কিস্তি জমা প্রদানের সর্বশেষ তারিখ সরকারী/সাপ্তাহিক ছুটির দিন হলে পরবর্তী প্রথম কর্মদিবসে তা জমা প্রদান করা যাবে।
- ৫.২. মাসিক কিস্তি নগদে এজেন্টের মাধ্যমে শাখায় জমা করতে হবে। অধিকন্তু,-
 - (ক) আমানতকারীর সঞ্চয়ী হিসাব থেকেও টাকা জমা করা যাবে; বা
 - (খ) সদস্যের মোবাইলের ওয়ালেট থেকে সঞ্চয় আমানত হিসাব থেকে টাকা জমা করা যাবে।
- ৫.৩. অগ্রিম কিস্তি জমা নেওয়া যাবে, তবে, জমাকৃত অগ্রিম কিস্তির উপর কোন সুদ প্রদান করা হবে না।
- ৫.৪. প্রতিটি হিসাবের উপর বার্ষিক ভিত্তিতে প্রতি জুন মাসে ৫% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করা হবে।

৬। নমিনী মনোনয়ন।-

- ৬.১. আমানতকারী তার হিসাবের বিপরীতে মাত্র একজনকে নমিনী নিযুক্ত করতে পারবেন। নমিনীর ১ কপি পাসপোর্ট সাইজের ছবি প্রদান করতে হবে। নমিনীর ছবি অবশ্যই হিসাবধারী কর্তৃক সত্যায়িত হতে হবে। নাবালক/নাবালিকাকেও নমিনী করা যাবে।

- ৬.২. আমানতকারীর জীবদ্দশায় এবং হিসাবের স্থিতি গ্রহণের পূর্বে নমিনীর মৃত্যু হলে ঐ মনোনয়ন বাতিল বলে গণ্য হবে। সে ক্ষেত্রে হিসাবধারী নতুন নমিনী মনোনীত করতে পারবেন। কেবলমাত্র আমানতকারীর মৃত্যুর পরই নমিনী হিসাবের অর্থ প্রাপ্য হবেন।
- ৬.৩. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে তার মনোনয়ন বাতিল করে নতুন নমিনী মনোনয়ন প্রদান করতে পারবেন।
- ৬.৪. নমিনীকে হিসাবের টাকা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে, যথা:-
- ৬.৪.১. নমিনীর আইনানুগ অভিভাবকের (নাবালক/নাবালিকার ক্ষেত্রে) আবেদনপত্র।
- ৬.৪.২. আমানতকারীর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত মৃত্যু সংক্রান্ত সনদপত্র।
- ৬.৪.৩. নমিনীর পরিচয় যাচাইয়ের জন্য জাতীয় পরিচয়পত্রে (যাচাইকৃত) সমিতি কর্তৃক প্রত্যয়নপত্র।
- ৬.৪.৪. নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবকের পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ৬.৪.৫. নাবালক/নাবালিকার ক্ষেত্রে নমিনীর আইনানুগ অভিভাবক কর্তৃক শাখার একজন আমানত হিসাবধারীর সাথে যৌথভাবে সম্পাদিত ইনডেমনিটি বন্ড (ক্ষতিপূরণ মুচলেকা)।

৭। মেয়াদপূর্তির পূর্বে হিসাব বন্ধকরণ পদ্ধতি।- গ্রাহক বিশেষ প্রয়োজনে যে কোন সময় হিসাব বন্ধ করতে পারবেন। এ ক্ষেত্রে ২০০/- টাকা সার্ভিস চার্জ আদায়যোগ্য এবং নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণ করতে হবে, যথা:-

- ৭.১. হিসাব খোলার এক বছরের মধ্যে হিসাব বন্ধ করা হলে গ্রাহক শুধু তার জমাকৃত টাকা বা আসল টাকা ফেরত পাবেন।
- ৭.২. এক বছরের অধিক কিন্তু তিন বছরের কম হলে গ্রাহক সঞ্চয়ী আমানত হারে সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন।
- ৭.৩. তিন বছরের অধিক হলে গ্রাহক এ স্কীমে উল্লেখিত হারে সুদসহ আসল টাকা প্রাপ্য হবেন।

৮। স্বয়ংক্রিয়ভাবে হিসাব বন্ধ হয়ে যাওয়া ও পুনঃচালুকরণ।-

- ৮.১. হিসাবে প্রতি মাসের এক তারিখ হতে দশ তারিখের মধ্যে গ্রাহক কর্তৃক মাসিক কিস্তির অর্থ জমাদান করা না হলে পরবর্তী মাসের নির্ধারিত তারিখের মধ্যে চলতি মাসসহ বকেয়া এক মাসের কিস্তি এবং বকেয়া কিস্তির উপর শতকরা মাসিক চার টাকা জরিমানা ফি জমাদান সাপেক্ষে হিসাবটি চালু রাখা যাবে।
- ৮.২. গ্রাহক কর্তৃক পর পর ২টি কিস্তি জমা করতে ব্যর্থ হলে ৩য় মাসের নির্ধারিত তারিখের মধ্যে ৩য় মাসের কিস্তিসহ বকেয়া ২ মাসের কিস্তি এবং বকেয়া ২ মাসের কিস্তির উপর শতকরা মাসিক চার টাকা হারে জরিমানা সুদসহ জমাদান সাপেক্ষে হিসাবটি চালু রাখা যাবে।
- ৮.৩. হিসাব খোলার শুরু থেকে মেয়াদপূর্তি পর্যন্ত কোন কারণে আমানতকারীর হিসাবে ভুল বশতঃ মাত্র ১টি কিস্তি জমা না হলে মেয়াদপূর্তিতে হিসাবটি নগদায়নের সময় খেলাপকৃত কিস্তির বকেয়া চক্রবৃদ্ধি জরিমানা সুদ জমা দিয়ে হিসাবের টাকা নগদায়ন করতে পারবেনঃ
- তবে শর্ত থাকে যে, একাধিক কিস্তি জমা না হওয়ার ক্ষেত্রে এ সুযোগ প্রযোজ্য হবে না।
- ৮.৪. একাধিক্রমে তিন মাসের কিস্তি গ্রাহক কর্তৃক জমা প্রদান করা না হলে হিসাবটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং পরবর্তীতে চালু করার স্বপক্ষে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ৮.৫. এরূপ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাওয়া হিসাবের ক্ষেত্রে সর্বশেষ কিস্তির অর্থ জমাদানের তারিখ পর্যন্ত ৭ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নিয়মানুযায়ী জমাকৃত অর্থ (প্রযোজ্য ক্ষেত্রে সুদসহ) ফেরত দেয়া হবে।



৯। প্রদেয় সুদ হতে আবগারী শুল্ক কর্তণ।- সরকারের সিদ্ধান্ত মোতাবেক প্রদেয় সুদ হতে নির্ধারিত হারে আবগারী শুল্ক কর্তণ করা হবে।

১০। হিসাবের বিপরীতে ঋণ সুবিধা প্রদান।- আপদকালীন সময়ের জন্য সংশ্লিষ্ট গ্রাহককে তার হিসাবের স্থিতি লিয়েন রেখে শুধুমাত্র হিসাবধারীকে নিম্নবর্ণিত শর্তে ঋণ প্রদান করা যাবে, যথা:-

- ১০.১. হিসাবটি কমপক্ষে ১ (এক) বছর পূর্ণ হতে হবে এবং ন্যূনতম স্থিতির পরিমাণ ১০,০০০/- টাকা হতে হবে।
- ১০.২. হিসাবের উপর জমাকৃত আসলের ৯০% সাধারণ ঋণ দেওয়া যাবে।
- ১০.৩. ঋণের সময়কাল ১ (এক) বছর।
- ১০.৪. শুধুমাত্র চালু এবং হালনাগাদ নিয়মিত কিস্তি জমাকৃত হিসাবের ক্ষেত্রে এ ধরনের ঋণ মঞ্জুর করা যাবে।
- ১০.৬. কেবল শাখা ব্যবস্থাপক ঋণ মঞ্জুর করতে পারবেন।
- ১০.৭. এ স্কীমের সুদের চেয়ে ৩% বেশী (চক্রবৃদ্ধি) হারে সুদ দিতে হবে।
- ১০.৮. প্রদত্ত ঋণ মাসিক কিস্তিতে/এক কালীন পরিশোধযোগ্য।
- ১০.৯. ঋণ প্রাপ্তির ক্ষেত্রে নির্ধারিত কাগজাদি দাখিল করতে হবে, যথা:-
 - (ক) নির্ধারিত ছকে আবেদন;
 - (খ) ঋণ যথাসময়ে পরিশোধ না করলে এ স্কীমের হিসাবে স্বয়ংক্রিয়ভাবে সমন্বয়ের ক্ষমতাপত্র প্রদান সংক্রান্ত দলিল;এবং
 - (গ) যখন আমানত হিসাবের সমান ঋণ হিসাব হবে তখন আমানত হিসাবের সাথে ঋণ হিসাব সমন্বয় করা যাবে মর্মে অনাপত্তিপত্র।

১১। বিশেষ নির্দেশাবলী।-

- ১১.১. কোন অবস্থাতেই হিসাবের কিস্তির পরিমাণ ও মেয়াদ পরিবর্তন করা যাবে না।
- ১১.২. হিসাবধারীর মৃত্যুর পর স্বয়ংক্রিয়ভাবে হিসাবটি বন্ধ হয়ে যাবে।
- ১১.৩. হিসাবের মেয়াদ শেষ হওয়ার পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে নমিনীকে ৭ নং অনুচ্ছেদে উল্লিখিত হার অনুযায়ী সরল সুদসহ সমুদয় অর্থ প্রদেয় হবে।
- ১১.৪. হিসাবধারী কর্তৃক নাবালক/নাবালিকাকে নমিনী মনোনয়ন করা হলে এবং নমিনীর প্রাপ্তবয়স্ক হওয়ার পূর্বেই আমানতকারী মৃত্যুবরণ করলে সে ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নিয়ম অনুসারে অর্থ প্রদান করা হবে এবং এ ক্ষেত্রে সুদ প্রদানে ৭ নং অনুচ্ছেদে উল্লিখিত হার অনুযায়ী সরল সুদসহ সমুদয় অর্থ প্রদেয় হবে।
- ১১.৫. কোন হিসাবের বিপরীতে ঋণ প্রদান করা হলে এবং ঋণের অর্থ সম্পূর্ণভাবে পরিশোধের পূর্বে হিসাবধারীর মৃত্যু হলে আমানতের স্থিতি হতে ঋণের বকেয়া সুদসহ সমন্বয়ের পর অবশিষ্ট টাকা নমিনীকে প্রদান করা হবে।

১২। হিসাব খোলা ও পরিচালনার জন্য ফরম ব্যবহার।- পরিচালনা বোর্ড এর ২৫/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত ১০তম সভায় অনুমোদিত সংযুক্ত ফরমটি এ স্কীমের ক্ষেত্রে ব্যবহৃত হবে। এ ক্ষেত্রে আমানতকারীর স্বাক্ষর সম্বলিত কার্ড সংরক্ষণের প্রয়োজন নেই। সংযুক্ত ফরমে আমানতকারীর ছবি ও স্বাক্ষর যথাযথ স্থানে সংযোজনপূর্বক স্ক্যানিং করে সিবিএস এর যথাযথ স্থানে আপলোড করা হবে।

১৩। (ক) ব্যাংক থেকে গ্রহণকৃত ঋণ গ্রহীতাদেরকে বাধ্যতামূলকভাবে নিম্নোক্ত সর্বনিম্ন হারে এ স্কীমে একটি আমানত হিসাব খুলতে হবে, যথা:-

ঋণের পরিমাণ	হিসাবের হার
২০,০০০/-	২০০/-
৩০,০০০/-	৩০০/-
৪০,০০০/-	৪০০/-
৫০,০০০/৬০,০০০	৫০০/-

(খ) ঋণ গ্রহীতা ইচ্ছা করলে বেশী হারে আমানত হিসাব খুলতে পারবেন।

১৪। ব্যাংক এ নীতিমালা, সময় সময়, সংশোধন, পরিবর্তন, পরিমার্জন করতে পারবে যা হিসাবধারী পরিপালন করতে বাধ্য থাকবেন।



ব্যক্তি (একক/যৌথ) হিসাব খোলার ফর্ম

ব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

-----শাখা

ছবি

স্বাক্ষর

জনাব,

আমি/আমরা আপনার ব্যাংকের শাখায় নিম্নবর্ণিত নামে একটি সঞ্চয়ী/বিশেষ সঞ্চয়ী/চলতি-----হিসাব খুলতে আগ্রহী। আমি/আমরা আপনার ব্যাংকের হিসাব পরিচালনা সম্পর্কিত নিয়মকানুন ভালভাবে অবহিত হয়েছি এবং তা মেনে চলার অঙ্গীকার করছি।

১.১। হিসাবের নাম:-----

১.২। হিসাবে মাসিক জমার পরিমাণ :-----

১.৩। হিসাবের মেয়াদ কাল :-----

২.১। আবদেনকারী/আবদেনকারীগণের ব্যক্তিগত পরিচয়

(ক) নাম:----- (খ) পিতা/স্বামীর নাম:----- (গ) মাতার নাম:----- (ঘ)

গ্রাম:----- উপজেলা:----- জেলা:-----

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর:-----

২.২। (ক) নাম:----- (খ) পিতা/স্বামীর নাম:----- (গ) মাতার নাম:----- (ঘ)

গ্রাম:----- উপজেলা:----- জেলা:-----

(ঙ) জাতীয় পরিচয়পত্র নম্বর:-----

৩। হিসাব পরিচালনাকারী/পরিচালনাকারীগণের নাম ও স্বাক্ষর:

(ক) নাম:----- স্বাক্ষর:-----

(খ) নাম:----- স্বাক্ষর:-----

৪। পরিবারের কোন সদস্য একটি বাড়ি একটি খামার প্রকল্প বা পল্লী সঞ্চয় ব্যাংকের কোন সমিতির সদস্য হলে:

(ক) সমিতির নাম :

(খ) সদস্যের নাম :

(গ) পরিচিতি নম্বর :

৪। মৃত্যুজনিত কারণে মনোনীত যে ব্যক্তি/ব্যক্তিগণ হিসাবে জমাকৃত অর্থ উত্তোলন করার অধিকারী হবেন:

মনোনীত ব্যক্তি/ব্যক্তিগণের	নাম	সম্পর্ক	প্রাপ্য অংশ	মন্তব্য
----------------------------	-----	---------	-------------	---------

৫। হিসাব খোলার সময় নগদ/চেকের মাধ্যমে জমাকৃত টাকার পরিমাণ:-----

৬। পরিচয় প্রদানকারী সদস্যের -

ক) স্বাক্ষর:----- খ) নাম:-----

গ) ঠিকানা:----- ঘ) জাতীয় পরিচয়পত্র নম্বর:-----

ঙ) হিসাব নম্বর:-----

আপনার বিশ্বস্ত

(আবদেনকারী/আবদেনকারীগণের সম্পূর্ণ নাম)

১। -----

২। -----

আজকের সঞ্চয় আগামীর নিরাপত্তা
নিজে সঞ্চয় করুন ও অন্যকে উৎসাহিত করুন